

যশোর বোর্ডের ৫ কলেজে কোন শিক্ষার্থী ভর্তি হয়নি

আম্যমাণ প্রতিনিধি

চলতি শিক্ষাবর্ষে যশোর বোর্ডের অধীন ৫টি কলেজে একাদশ শ্রেণিতে কোন ছাত্র-ছাত্রী ভর্তি হয়নি। কলেজগুলো হচ্ছে— খুলনা জেলার আই আই কলেজ, মাগুরা জেলার মহম্মদপুর উপজেলার পালা বহুমুখী স্কুল এন্ড কলেজ, শ্রীপুর উপজেলার কাজলী কলেজিয়েট স্কুল, নড়াইল জেলার মুলিয়া পাবলিক কলেজ এবং যশোর জেলার মনিরামপুর উপজেলার মশিয়াহাট মহিলা কলেজ।

যশোর বোর্ডের কলেজ পরিদর্শক অমল কুমার বিশ্বাস জানান, এবারই প্রথম অন লাইনে ছাত্রী-ছাত্রীরা তাদের পছন্দের কলেজে ভর্তির আবেদনের পদ্ধতি চালু করা হয়। সে ভিত্তিতে শিক্ষার্থীরা পছন্দের ৫টি কলেজে ভর্তির আবেদন করে

কর্তৃপক্ষ কোন কলেজে ভর্তি হবে তা নির্ধারণ করে দেয়। তিনি জানান, ৫টি কলেজে ভর্তির জন্য কোন শিক্ষার্থী আবেদন করেনি।

বোর্ড সূত্রে জানা যায়, যশোর বোর্ডের অধীন ৪০টি সরকারি ও ৫শ' ২৭টি বেসরকারি কলেজে রয়েছে 'এমব' কলেজে উচ্চ মাধ্যমিক প্রথম বর্ষে এ বছর আসন সংখ্যা হচ্ছে দু' লাখ ৩৬ হাজার ৪শ'। আর এ বছর যশোর বোর্ডে এসএসসি আসন সংখ্যা হচ্ছে দু' লাখ ৩৬ হাজার ৪শ' ৯৮ জন। পাস করা সকল ছাত্র-ছাত্রী ভর্তি হলেও এক লাখ ১৮ হাজার ৮০২টি আসন শূন্য থাকবে। শুধু বেসরকারি কলেজে আসন শূন্য থাকবে না। সরকারি কলেজেও আসন শূন্য থাকবে।

খিনাইদহের শৈলকুপা সরকারি কলেজের অধ্যক্ষ জানান, তার কলেজে এবার একাদশ শ্রেণিতে আসন আছে ৬শ'। ভর্তি হয়েছে সাড়ে ৩শ' ছাত্র-ছাত্রী। আড়াইশ' আসন শূন্য রয়েছে।